NYC KIDS RISE Save for College Program

NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম
চার্টার স্কুলের জন্য অংশগ্রহণের স্থিতি পরিবর্তন সংক্রান্ত তথ্য ও ফর্ম

সেভ ফর কলেজ প্রোগ্রাম সম্পর্কে

NYC শিক্ষা বিভাগ (Department of Education, DOE), NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program) ("প্রোগ্রাম") এ লাভের উদ্দেশ্যহীন সংস্থা NYC Kids RISE, Inc. এর সাথে অংশীদারি করেছে। অংশগ্রহণকারী চার্টার স্কুলগুলি সহ যে কোনও NYC পাবলিক স্কুলে নথিভুক্ত প্রতিটি কিন্ডারগার্টেন শিক্ষার্থী তাদের পক্ষ থেকে এই বিনামূল্যের প্রোগ্রামের মাধ্যমে আপনা থেকেই প্রাথমিক $100 বরাদ্দ সহ একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট (NYC Scholarship Account) পায়, যদি না তাদের মা-বাবা/অভিভাবকরা এই প্রোগ্রাম থেকে "অপ্ট আউট" করেন। পরিবারগুলি এই অ্যাকাউন্টে পুরস্কার হিসাবে অতিরিক্ত স্কলারশিপ ফান্ড উপার্জন করতে পারে, এবং কমিউনিটিগুলি প্রতিটি সন্তানের সাফল্যের জন্য তাদের কমিউনিটির সমর্থন প্রদর্শন করতে এই NYC স্কলারশিপ অ্যাকাউন্টগুলির গ্রুপগুলিতে অতিরিক্ত অর্থ প্রদান করতে পারে। আরো তথ্যের জন্য http://nyckidsrise.org/ দেখুন।

মা-বাবা/অভিভাবক হিসেবে আমার কী কী বিকল্প আছে?

যদি না মা-বাবা/অভিভাবকরা প্রাথমিক অপ্ট-আউট সময়কালের মধ্যে "অপ্ট-আউট" করে অংশগ্রহণ না করা বেছে নেন, তাহলে যোগ্য শিক্ষার্থীদের আপনা থেকেই সেভ ফর কলেজ প্রোগ্রাম এ নথিভুক্ত করা হয়। তবে যে মা-বাবা/অভিভাবকরা অপ্ট আউট করেন, কিন্তু পরে তাদের মন পরিবর্তন করেন এবং তাদের যোগ্য শিক্ষার্থীদের অংশগ্রহণ করাতে চান, তারা পরের কোনো তারিখে পুনরায় নথিভুক্ত করতে পারবেন। নথিভুক্ত হওয়ার পরেও, আপনি যে কোনও সময় প্রোগ্রামে আপনার সন্তানের অংশগ্রহণ বাতিল করতে পারেন। নথিভুক্ত/পুনরায় নথিভুক্ত করার জন্য পরিবারগুলির কাছে তাদের সন্তানের পঞ্চম গ্রেডের বছর শেষ না হওয়া পর্যন্ত সময় আছে।

বাতিল করা সম্পর্কে

মা-বাবা/অভিভাবকরা যে কোনো সময় সেভ ফর কলেজ প্রোগ্রাম এ তাদের সন্তানের অংশগ্রহণ বাতিল করতে পারেন। আপনি এই ফর্মের মাধ্যমে বাতিল করার অনুরোধ জমা দেওয়ার পরে, আপনি NYC Kids RISE-কে সম্মতি দেন (1) আপনার শিক্ষার্থীর NYC স্কলারশিপ অ্যাকাউন্ট বন্ধ করতে, (2) NYC স্কলারশিপ অ্যাকাউন্ট এর অ্যাকাউন্টে বরাদ্দ করা সমস্ত ফান্ড বাতিল করতে এবং NYC Kids RISE-এর কাছে ফেরত দিতে, যার মধ্যে আপনার শিক্ষার্থীর NYC স্কলারশিপ অ্যাকাউন্ট এ বরাদ্দ করা যে কোনও পুরস্কার ও কমিউনিটি স্কলারশিপও অন্তর্ভুক্ত, (3) আপনার শিক্ষার্থীর পক্ষ থেকে তৈরি করা প্রতিটি Savings Tracker (একটি অনলাইন পোর্টাল যেখানে মা-বাবা/অভিভাবকরা তাদের সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট দেখতে পারেন) প্রোফাইল মুছে দিতে, (4) আপনার শিক্ষার্থীর সাথে সংশ্লিষ্ট ফাইলে থাকা প্রত্যেক প্রাপ্তবয়স্ককে এই মুছে দেওয়ার সম্পর্কে জানাতে, এবং (5) NYC Kids RISE এর নথিভুক্তি বাতিলকরণ নীতি ও প্রযোজ্য আইন অনুযায়ী, আপনার শিক্ষার্থীর অ্যাকাউন্ট এবং এর বাতিলকরণের সাথে সম্পর্কিত অতীত তথ্য সংরক্ষণ করতে। অনুগ্রহ করে মনে রাখবেন: আপনি যদি একটি পরবর্তী তারিখে আপনার সন্তানকে পুনরায় নথিভুক্ত করতে চান, তাহলে পুনরায় নথিভুক্ত হওয়ার পরে আপনার সন্তানের জন্য মাত্র $100 বরাদ্দ করা হবে। পূর্বে বরাদ্দ করা হয়ে থাকতে পারে এমন কোনো অতিরিক্ত ফান্ড অন্তর্ভুক্ত করা হবে না।

NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম
চার্টার স্কুলের জন্য অংশগ্রহণের স্থিতি পরিবর্তন সংক্রান্ত তথ্য ও ফর্ম

নথিভুক্তি/পুনরায় নথিভুক্তি সম্পর্কে

যদি মা-বাবা/অভিভাবকরা প্রাথমিকভাবে অপ্ট-আউট করে থাকেন বা, কোনো সময়ে সেভ ফর কলেজ প্রোগ্রাম এ তাদের শিক্ষার্থীর অংশগ্রহণ বাতিল করে থাকেন, তাহলে তাদের পঞ্চম গ্রেডের বছর শেষ হওয়ার আগে যে কোনো সময় তারা একজন যোগ্য শিক্ষার্থীকে প্রোগ্রামে নথিভুক্ত (বা পুনঃ-নথিভুক্ত) করার অনুরোধ করতে পারেন। শিক্ষার্থীটি যদি তার পঞ্চম গ্রেডের বছর সম্পূর্ণ করে থাকে, তাহলে সে প্রোগ্রামে যোগদান করতে পারবে **না**, কোনও স্কলারশিপ ফান্ড পাবে না অথবা ভবিষ্যতে পুরস্কার-এর জন্য যোগ্য হবে না।

আপনি প্রোগ্রামে নথিভুক্ত (বা পুনঃ-নথিভুক্ত) করার অনুরোধটি জমা দেওয়ার পরে, NYC Kids RISE এবং তাদের প্রযুক্তি অংশীদার VistaShare-এর সঙ্গে নিম্নলিখিত তথ্য শেয়ার করার জন্য DOE-কে সম্মতি দেন। আপনার যোগ্য শিক্ষার্থীর জন্য NYC স্কলারশিপ অ্যাকাউন্ট সেট আপ করতে এই তথ্যটি প্রয়োজন এবং (a) NYC Kids RISE সেই তথ্যটি না পাওয়া পর্যন্ত আপনার শিক্ষার্থীর NYC স্কলারশিপ অ্যাকাউন্ট তৈরি করা হবে না, এবং (b) NYC Kids RISE-এর নিয়মিত অর্থায়ন চক্রের (যা বর্তমানে প্রতি বছর দুইবার) পরবর্তী উপলক্ষ পর্যন্ত আপনার শিক্ষার্থীর NYC স্কলারশিপ অ্যাকাউন্ট এ প্রাথমিক $100 বরাদ্দ করা হবে না:

- প্রোগ্রামটির জন্য একজন শিক্ষার্থীর অনন্য সনাক্তকরণ নম্বর
- পুরো নাম
- জন্মতারিখ
- বাড়ির ঠিকানা
- বাড়ির ঠিকানার পরিবর্তন হয় কিনা
- বাড়ির ফোন নম্বর
- স্কুলের নাম
- বর্তমান গ্রেড লেভেল
- বাড়িতে যে ভাষায়(গুলিতে) কথা বলা হয়
- NYC পাবলিক স্কুল ব্যবস্থার ভিতরে ও বাইরে উভয়েই অন্যান্য স্কুলে স্থানান্তর, যদি কিছু থাকে

প্রতি শিক্ষার্থী পিছু দু'জন পর্যন্ত মা-বাবা/অভিভাবকের জন্য, NYC Kids RISE ও VistaShare-এর প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের সম্পর্কে নিম্নলিখিত তথ্যও প্রয়োজন:

- প্রোগ্রামটির জন্য মা-বাবার অনন্য সনাক্তকরণ নম্বর
- পুরো নাম
- ইমেল ঠিকানা
- সেল ও/বা অন্যান্য ফোন নম্বর

সেভ ফর কলেজ প্রোগ্রাম এ আপনার শিক্ষার্থীর অংশগ্রহণের স্থিতি পরিবর্তন করতে, অনুগ্রহ করে পৃষ্ঠা 3 এ ফর্মটি পূরণ করুন এবং আপনার শিক্ষার্থীর স্কুলের প্রধান অফিসে জমা দিন।

NYC KiDS RiSE Save for College Program

NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম
চার্টার স্কুলের জন্য অংশগ্রহণের স্থিতি পরিবর্তন সংক্রান্ত তথ্য ও ফর্ম

অংশগ্রহণের স্থিতির পরিবর্তন ফর্ম

একজন যোগ্য শিক্ষার্থীর মা-বাবা বা অভিভাবক হিসেবে, আমি NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম এ তার অংশগ্রহণের স্থিতি পরিবর্তন করতে চাই।

আপনি যে পরিবর্তনটি করতে চান সেটির জন্য অনুগ্রহ করে বক্সে টিক দিন:

- ☐ **আমি** NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম এ আমার শিক্ষার্থীকে **নথিভুক্ত করতে চাই**। আমি NYC Kids RISE ও তার প্রযুক্তি অংশীদার VistaShare-এর সঙ্গে তথ্য শেয়ার করার **সম্মতি** প্রদান করছি। আমি বুঝি যে আমার শিক্ষার্থীর NYC স্কলারশিপ অ্যাকাউন্ট অবিলম্বে উপলব্ধ হবে না এবং পরবর্তী নিয়মিত অর্থায়ন চক্রের সময় তা তৈরি করা হবে যা বর্তমানে বছরে দুবার হয়।
- ☐ **আমি** NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম এ আমার শিক্ষার্থীর অংশগ্রহণ **বাতিল করতে চাই**। আমি বুঝি যে NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম এ আমার শিক্ষার্থীর NYC স্কলারশিপ অ্যাকাউন্ট এ বরাদ্দ করা যে কোনও অর্থ NYC Kids RISE দ্বারা অন্যান্য অংশগ্রহণকারী শিক্ষার্থীদের সুবিধার জন্য পুনরায় বরাদ্দ করা হবে এবং আমার শিক্ষার্থীর NYC স্কলারশিপ অ্যাকাউন্ট বন্ধ করে দেওয়া হবে।

আপনার শিক্ষার্থীর স্কুলের প্রধান অফিসে জমা দেওয়ার আগে অনুগ্রহ করে নিম্নলিখিত তথ্য প্রদান করুন।

শিক্ষার্থীর পুরো নাম:
শিক্ষার্থীর অফিসিয়াল ক্লাস:
স্কুলের নাম:
মা-বাবা/অভিভাবকের ছাপার হরফে লেখা নাম:
মা-বাবা/অভিভাবকের স্বাক্ষর:

তারিখ:

অফিস নোট: ***এই নথিতে থাকা এই তথ্যটি পাওয়ার 7 দিনের মধ্যে (প্রায় 1 সপ্তাহ) আপনার স্কুলের ATS রক্ষণাবেক্ষণকারী দ্বারা তা যাচাই করা উচিত এবং ATS-এ লগ ইন করা উচিত। সেভ ফর কলেজ প্রোগ্রাম সম্পর্কিত যে কোনো প্রশ্নের জন্য অনুগ্রহ করে আপনার স্কুলের সেভ ফর কলেজ প্রোগ্রাম লিয়েজনের সাথে যোগাযোগ করুন অথবা আপনি (833) 543-7473 নম্বরে সেভ ফর কলেজ প্রোগ্রাম হটলাইনে কল করতে পারেন। সমস্ত ফেরত দেওয়া ফর্মগুলি অনির্দিষ্টকালের জন্য শিক্ষার্থীর কিউমুলেটিভ ফোল্ডারে রাখুন।***